



জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ

পহেলা বৈশাখ উপলক্ষে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর-এর বাণী

বিশেষ করে বাঙালির জীবনে পহেলা বৈশাখের অসাম্প্রদায়িক ও সার্বজনীন 'বাংলা বর্ষবরণ' অনুষ্ঠান প্রতিটি বাঙালির জীবনে নিয়ে আসে উৎসবের আমেজ। এ উৎসব বাঙালি জাতির হাজার বছরের ইতিহাস, ঐতিহ্য, রীতি-নীতি, প্রথা, আচার-অনুষ্ঠান ও সংস্কৃতির ধারক-বাহক। বাংলা ভাষাভাষী মানুষ এ দিনে পুরনো আজ (১৪ এপ্রিল ২০২০) পহেলা বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ। শুভ নববর্ষ। বাংলা নববর্ষের এই আনন্দঘন দিনে আমি এ মহান প্রতিষ্ঠান জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সকল পর্যায়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থীসহ দেশে ও প্রবাসে বসবাসরত সকল বাংলাদেশিকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানাই। কালের পরিক্রমায় বছর ঘুরে ফিরে আসে নববর্ষ। জীর্ণ-পুরাতনকে পেছনে ফেলে শুভ্র, সুন্দর আর কল্যাণময়তার বার্তা নিয়ে উদিত হয় নতুন বছরের নতুন লাল সূর্য। নতুন আশা ও স্বপ্নে উদ্দীপ্ত হয় মানুষ। বাংলা নববর্ষ চিরায়ত বাংলার ঐতিহ্যে লালিত এক অনন্য দিন। দিনটি সবাইকে প্রবলভাবে আপ্লুত করে এবং বুক বাঁধে পুরাতনকে পেছনে ফেলে নতুন সাফল্যের প্রত্যাশায়। আমাদের শিল্প, সাহিত্য, সংস্কৃতি, কৃষি, ব্যবসা, আচার, অনুষ্ঠান-পার্বণসহ পারিবারিক ও সামাজিক জীবনে বাংলা সনের ব্যবহার ও ততোপ্রাণে জড়িয়ে আছে। বাঙালির জীবনে বাংলা নববর্ষের আবেদন তাই চিরন্তন ও সার্বজনীন। বছরের ব্যর্থতা, নৈরাশ্য, ক্লেশ-গ্লানি ভুলে গিয়ে নতুন বছরকে মহা আনন্দে বরণ করে নেয় সমৃদ্ধি ও সুখময় আগামীর প্রত্যাশায়। কিন্তু গেল তিনমাসে বাংলাদেশসহ গোটা বিশ্ব করোনাভাইরাসের মহামারীতে পর্যুদস্ত। করোনা অতর্কিত খমকে গেছে গাড়ির চাকা। অচল প্রায় জীবন যাত্রা। ভাইরাসে মৃত্যুর অজানা অশঙ্কা প্রতিনিয়ত মানুষকে তাড়া করে বেরাচ্ছে। আমরাও যার বাইরে নই। তাই ভাইরাসের অস্বাভাবিক থেকে জনগণকে রক্ষার জন্য বর্তমান সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে।

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকারের বিভিন্ন কার্যকর পদক্ষেপ গ্রহণের ফলে বাংলাদেশে ভাইরাস এখনো মহামারি অকার্যকর রূপ নিতে পারে নি। ভাইরাস মোকাবিলায় সতর্কতামূলক পদক্ষেপ হিসেবে এ বছরের বাংলা বর্ষবরণের মূল অয়োজন 'মঙ্গল শোভাযাত্রা' রাষ্ট্রীয়ভাবে বাতিল করা হয়েছে। বরং সামাজিক ও শারীরিক দূরত্ব মেনে অনলাইনে বর্ষবরণের অনুষ্ঠান অয়োজন ও প্রচার করা হবে। তাই রাষ্ট্রীয় নির্দেশনা অনুসারে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জনসমাবেশ এড়ানোর জন্য বর্ষবরণের অনুষ্ঠানমালা বাতিল করেছে। তাই আমি সবাইকে ঘরে থাকার অনুরোধ জানিয়ে ঘরেই পহেলা বৈশাখকে স্বাগত জানানোর অঙ্কন জানাই। সেই সঙ্গে বিশ্বব্যাপী মহামারি অকার্যকর ছড়িয়ে পড়া করোনা ভাইরাসের কবল থেকে আমরা যেন দ্রুত মুক্তি লাভ করি মহান সৃষ্টিকর্তার দরবারে সম্মিলিতভাবে সেটাই প্রার্থনা করি। করোনাভাইরাসের তমসাচ্ছন্ন অন্ধকার কাটিয়ে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়ে তোলার অভিপ্রায়ে বাংলা নববর্ষ, ১৪২৭ আমাদের ব্যক্তি ও জাতীয় জীবনে অনাবিল সুখ, শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি বয়ে আনুক এ প্রত্যাশা করছি। খোদা হাফেজ।

বাংলাদেশ চিরজীবী হোক। আমাদের মহান প্রতিষ্ঠান জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় চিরজীবী হোক।
জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

প্রফেসর ড. এ এইচ এম মোস্তাফিজুর রহমান

ভাইস-চ্যান্সেলর

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ।